
 কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর		 কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ঘূর্ণিঝড় 'ইয়াস' পরবর্তী বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ		উপপরিচালকের কার্যালয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল।
জেলা প্রশিক্ষণ অফিসার অতিরিক্ত উপপরিচালক শস্য/পাদি/উদ্যান কৃষি প্রকৌশলী উন্নয়ন শাখা প্রশাসন শাখা বিজ্ঞান শাখা উদ্যম শাখা প্রাপ্তি নং তারিখঃ-		অতিরিক্ত জরুরী আলাপ করুন উপপরিচালক


ঘূর্ণিঝড় 'ইয়াস' পরবর্তী বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, বরিশাল, ভোলা, ফেনী, নোয়াখালী, লক্ষ্মীপুর, চাঁদপুর, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার জন্য প্রযোজ্য)

প্রকাশের তারিখ: ২৮/০৫/২০২১

- বোরো ধানসহ অন্যান্য দণ্ডায়মান ফসলের জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের পর পরিপক্ক বোরো ধান ও অন্যান্য ফসল সংগ্রহ করুন।
- ভিজ়ে যাওয়া বোরো ধান রোদে দ্রুত শুকিয়ে নিন এবং শুকনো ও নিরাপদ জায়গায় সংরক্ষণ করুন।
- আউশ রোপণ করা না হয়ে থাকলে পানি নেমে যাওয়ার সাথে সাথে অথবা পানি নিষ্কাশনের ব্যবস্থা করে দ্রুত চারা রোপণ করুন।
- আউশ ধানে পানি নেমে যাওয়ার ৫-৭ দিন পর গ্যাপ ফিলিং করে পটাশ সার এবং তার ৩-৫ দিন পর ইউরিয়া সারের উপরি প্রয়োগ করুন। ধান আগাম কুশি বের হওয়া পর্যায়ে থাকলে এখনই ইউরিয়া সার প্রয়োগ করা যাবে না। ৫-৭ দিন পর প্রয়োজন হলে কুশি ভেঙে গ্যাপ ফিলিং করে ইউরিয়া সার উপরি প্রয়োগ করতে হবে। তবে এখন সব ধরনের জমিতেই বিঘা প্রতি অতিরিক্ত ৫ কেজি পটাশ সার ব্যবহার করা ভাল।
- পাটের জমিতে পানি জমে থাকলে দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। এ সময় সার প্রয়োগ করা থেকে বিরত থাকুন।
- পাটের জমি শুকানোর পর নিড়ি দিয়ে আগাছা পরিষ্কার করে দিন। রোগবালাই দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- ঢলে পড়া কলাগাছ ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল খুঁটির সাহায্যে সোজা করে দিন।
- মাটিতে যথাযথ আর্দ্রতা বজায় থাকলে সবজি ও অন্যান্য ফসল বপন করুন।
- আগাছা ব্যবস্থাপনাসহ অন্যান্য আন্তঃপরিচর্যা জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের পর করুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশনের পর প্রয়োজন মোতাবেক সার ও বালাইনাশক প্রয়োগ করুন।
- জমির পানি নামার আগে বাড়ির আঙিনা ও রাস্তার ধারে উঁচু জায়গায় লতানো সবজি যেমন কাঁচা, ধুন্দল, করলা, লাউ প্রভৃতি লাগানো যেতে পারে।
- গবাদি পশু ও হাঁস মুরগী উঁচু পরিষ্কার জায়গায় রাখুন। ভিটামিন ও খনিজ সমৃদ্ধ খাবার খেতে দিন।
- তলিয়ে যাওয়া পুকুরগুলোতে পানি নেমে যাওয়ার পরপরই চারধার মেরামত করে নিন।
- রৌদ্রজ্বল দিনে মাছের পরিমানের উপর ভিত্তি করে ২৫০-৭৫০ গ্রাম/শতাংশ হারে চুন প্রয়োগ করতে হবে। চুন প্রয়োগের তিন দিন পর রৌদ্রজ্বল দিনে ৮০-১০০ গ্রাম/শতাংশ হারে ইউরিয়া এবং ৪০-৫০গ্রাম/শতাংশ হারে টিএসপি প্রয়োগ করুন।

- পুকুর থেকে মাছ বের হয়ে গিয়েছে কিনা জাল টেনে পরীক্ষা করুন। মাছ বের হয়ে যাওয়া পুকুরগুলোতে একটু বড় আকারের পোনা পুনরায় মজুদ করুন।
- কৃষিকাজ করার সময় সামাজিক দূরত্ব বজায় রাখুন।



(ড. মোঃ শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

মোবাইল: ০১৭১২১৮৪২৭৪

টেলিফোন: ০২-৫৫০২৮৪২২

স্মারক নং- ৬৭৭


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা/মেট্রোপলিটন কৃষি অফিসার.....সকল বরিশাল বরাবর
অনুলিপি প্রেরণ করা হলো।

তারিখঃ- ০৩/৬/২২ খ্রিঃ



হদয়েশ্বর দত্ত

উপ পরিচালক

 কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, বরিশাল।